আজকের কাগজ

তারিখ 08 JUL 1993
পৃষ্ঠা ৪ কলাম ৭

14

## জরীপের নামে কি ঘুষ খাওয়া টীম গঠিত হলো?

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সারাদেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জরীপ '৯৩-এর কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। একজন সরকারি কলেজ শিক্ষক ও কয়েকজন সদ্য এইচএসসি পাস করা ছাত্রের সমন্বয়ে গঠিত হয়েছে এসব জরীপ দল। জরীপ দল সারাদেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জরীপ করছেন। এদের মূল দায়িত্ব হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বাস্তব অবস্থা চিহ্নিত করা। কোনো প্রতিষ্ঠানে দুর্নীতি থাকলে তা নির্ণয় করে রিপোর্ট দেয়া। কিন্তু বাস্তব অবস্থা হয়েছে ঠিক তার উল্টো। কোন প্রতিষ্ঠানে কোনরূপ অনিয়ম বা দুর্নীতি দেখা দিলে অধিকাংশ ক্ষেত্রেই তাঁরা 'টুপাইস'-এর বিনিময়ে তা যায়েজ করে নিচ্ছেন বলে শোনা যাচ্ছে। শুধু তাই নয়, দুর্নীতিমুক্ত বহু শিক্ষা প্রতিষ্ঠান ও সহজ সরল শিক্ষক-শিক্ষিকাকে অনুদান বন্ধ করে দেয়া বা চাকরি থেকে বরখাস্তের হুমকির ভয় দেখিয়ে হাজার হাজার টাকা কামিয়ে নিচ্ছেন এসব জরীপ দল। অধিকাংশ প্রতিষ্ঠান জরীপে টীম প্রধান উপস্থিত না থেকে ছাত্রদের দিয়ে কাজ করিয়ে নেয়ার ফলে জরিপের মূল উদ্দেশ্য অর্জিত হচ্ছে না। তাছাড়া এসব সদ্য উচ্চমাধ্যমিক পাস করা ছাত্রদের স্যার না বললেও নাকি তাঁরা অনেক সময় নাখোশ হন। শিক্ষা প্রতিষ্ঠান জরীপের মাধ্যমে প্রতিষ্ঠানগুলোর বাস্তব চিত্র অনুধাবন করার জন্য জরীপ আবশ্যক। কিন্তু বাস্তবে প্রকৃত অবস্থা জানা সম্ভব হবে বলে মনে হয় না। যেসব প্রতিষ্ঠান বা শিক্ষক-শিক্ষিকা এদের সম্মান করেনি তাদের ব্যাপারে উল্টো রিপোর্ট করাও অনেক ক্ষেত্রে স্বাভাবিক হবে এদের দ্বারা। তাই এসব জরীপ দলের রিপোর্ট ও কার্যক্রম অত্যন্ত সতর্কদৃষ্টিতে অনুধাবন করতে হবে। পাশাপাশি এদের কার্যক্রম ও ক্ষমতা তুলে ধরে প্রতিসপ্তাহ বিজ্ঞাপন প্রকাশ করা উচিত। এখন কি আমরা বলতে পারি না যে, এসব জরীপদলের কার্যক্রম জরীপ করার জন্য আরেকটি জরীপ দল গঠন করা উচিত?

*মোঃ ইসমাইল কাজী*
*প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ,*
*মনোহরদী ডিগ্রী কলেজ।*